

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭৩৩

আগরতলা, ৭ নভেম্বর, ২০২৪

ত্রিপুরী কালচারেল অ্যান্ড ফুড ফেস্টিভেল
রাজ্যের জনজাতিদের কৃষ্টি ও সাংস্কৃতিক ঐতিহ্য খুবই সমৃদ্ধ : মুখ্যমন্ত্রী

রাজ্যের জনজাতিদের কৃষ্টি ও সাংস্কৃতিক ঐতিহ্য খুবই সমৃদ্ধ। রাজ্যের কৃষ্টি ও সংস্কৃতির ক্ষেত্রে জাতি ও জনজাতিদের মধ্যে অনেক মিল রয়েছে। বর্তমান রাজ্য এবং কেন্দ্র সরকার এই সমৃদ্ধ কৃষ্টি এবং সংস্কৃতি রক্ষায় আন্তরিকভাবে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করে চলছে। আজ আগরতলা লেইক চৌমুহনিস্থিত এসটি কর্পোরেশন মার্কেটে ত্রিপুরী কালচারেল অ্যান্ড ফুড ফেস্টিভেলের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, মহারাণী তুলসীবতী ওয়েলফেয়ার ট্রাস্ট আয়োজিত এই উৎসবের মূল উদ্দেশ্য হচ্ছে রাজ্যের জনজাতিদের নিজস্ব পরম্পরা, ঐতিহ্যগত খাদ্যাভ্যাস, রীতিনীতি, সংস্কৃতিকে তুলে ধরা। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার জনজাতি জনগোষ্ঠীর সার্বিক মানোন্নয়নের লক্ষ্যে বিশেষভাবে সচেষ্টিত। জনজাতিদের উন্নয়নের স্বার্থে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি গুরুত্ব সহ বাস্তবায়ন করা হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও বলেছেন জনজাতিদের উন্নয়ন ছাড়া দেশের উন্নয়ন সম্ভব নয়।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী জনজাতিদের স্বার্থে বর্তমান রাজ্য সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচির কথা তুলে ধরে বলেন, জনজাতি অধ্যুষিত এলাকার উন্নয়ন ও জনজাতিদের কল্যাণে পরিকাঠামো উন্নয়ন, শিক্ষা, যোগাযোগ ও স্বাস্থ্যক্ষেত্রে বিশেষভাবে জোর দেওয়া হয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী এই উৎসবের সার্বিক সাফল্য কামনা করেন। এছাড়াও বক্তব্য রাখেন জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা, রাজ্যসভার সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধায়ক রামপদ জমাতিয়া প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মহারাণী তুলসীবতী ওয়েলফেয়ার ট্রাস্টের সভাপতি বিপিন দেববর্মা।
